

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৩৩/২০১৬

তারিখঃ ২৭/০৬/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-১৮৩, তারিখঃ ০৮/০৬/২০১৬খ্রিঃ ও অফিস আদেশ নং-১৮৫, তারিখঃ ১৩/০৬/২০১৬খ্রিঃ সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

আদেশ নং- ১৮৩

তারিখঃ ০৮/০৬/২০১৬

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্যিক আমদানিকারকগণের পণ্য চালানে একটি আইটেম থাকলে এবং কন্টেইনার এর সংখ্যা একাধিক হলে এবং ঐ পণ্য চালান Random ভিত্তিতে কায়িক পরীক্ষার জন্য নির্বাচিত হলে ঐ পণ্য চালানকে আংশিকভাবে কায়িক পরীক্ষা থেকে অব্যাহতি প্রদান করা যাবে কিনা, সে বিষয়ে সুনির্দিষ্ট দিকনির্দেশনা থাকা প্রয়োজন। এক্ষেত্রে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে :

- (ক) কন্টেইনার এর সংখ্যা ০৫ বা তার কম হলে বাণিজ্যিক আমদানিকারকের কায়িক পরীক্ষা থেকে অব্যাহতি সংক্রান্ত আবেদন গ্রহণযোগ্য হবে না;
- (খ) কন্টেইনার এর সংখ্যা ০৫ এর অধিক এবং আইটেম ০১টি হলে সংশ্লিষ্ট যুগ্ম/অতিরিক্ত কমিশনার আমদানিকৃত আইটেমের সিএন্ডএফ এজেন্ট এবং আমদানিকারকের প্রকৃতি, কার্যক্রম এবং Risk বিবেচনায় নিয়ে কমপক্ষে ৫০% কন্টেইনার শুদ্ধায়নপূর্ব (First Appraisalment) এবং অবশিষ্ট কন্টেইনার এআইআর/আনস্টাফিং কর্মকর্তার উপস্থিতিতে শুদ্ধায়ন পরবর্তী (2nd Appraisalment) এর অনুমোদন দিতে পারবেন;
- (গ) Risk এবং গোপন সংবাদ বিবেচনায় যে কোন ক্ষেত্রে সকল কন্টেইনার 1st Appraisalment (শুদ্ধায়নপূর্বক কায়িক পরীক্ষা) এর ব্যবস্থা নিতে হবে;

২। নথি নং-৭০/রেড অব্যাহতি/হলরুম/১৫-১৬ এর অনুচ্ছেদ ১৯৩ এ কমিশনারের অনুমোদন মোতাবেক আদেশটি জারী করা হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

স্বাঃ/-
(মোহাম্মদ রেজাউল হক)
জয়েন্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমসের পক্ষে
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-৭০/রেড অব্যাহতি/হলরুম/১৫-১৬/৯৭৩৯()কাস

তারিখঃ ০৮/০৬/২০১৬খ্রিঃ

অ: পূ: দ্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

আদেশ নং- ১৮৫

তারিখ: ১৩/০৬/২০১৬

বিষয় : আমদানিকৃত **Prime Quality H. R. Coil, C. R. Coil, Zinc Coated Coil Sheet, Zinc Aluminum Alloy Coated Coil/Sheet, Tin Plated/Coted Sheet, C. I. Sheet/Plate, Silicon Sheet** ইত্যাদি পণ্য পরীক্ষা/তদারকির জন্য কমিটি গঠন।

উপর্যুক্ত বিষয়ে উল্লিখিত সকল পণ্যের ঘোষণা, এইচ এস কোড, ওজন, গুণগতমান, উৎস দেশ, শুল্ক করাদির প্রযোজ্য হার ও পরিমাণের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে আনস্টাফিং এর এ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনারকে প্রদান করে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলোঃ

- (১) আনস্টাফিং এর তত্ত্বাবধানকারী একজন এ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার;
- (২) আনস্টাফিং এর একজন রেভিনিউ অফিসার;
- (৩) আনস্টাফিং এর একজন এ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার।

তবে ঝুঁকি ব্যবস্থাপনায় যেকোন পণ্য চালান এআইআর বা যথোপযুক্ত অন্যকোন কর্মকর্তা যাচাই বাচাই করতে পারবেন।

২। উল্লিখিত কমিটি নিম্নোক্ত বিষয়গুলো পর্যবেক্ষণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেঃ

(ক) প্রাইম কোয়ালিটি ঘোষণায় আমদানিকৃত পণ্য চালান প্রকৃতই প্রাইম কোয়ালিটি কিনা তা কমিটি কর্তৃক নিশ্চিত হতে হবে। পণ্যের ওজন যথাযথ রয়েছে কিনা তা দ্বৈবচয়নের (Random) ভিত্তিতে সঠিক প্রাপ্তি নিশ্চিত করতে হবে। এরূপ যাচাইকালে ঘোষণা ও শুল্কায়নের সাথে কোন অসংগতি পাওয়া গেলে পণ্য চালানসমূহের খালাস কার্যক্রম স্থগিত রেখে অসংগতির বিষয় উল্লেখ করে প্রতিবেদন আকারে দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে উপস্থাপন করতে হবে;

(খ) অনুচ্ছেদ “ক” অনুযায়ী কোন অসংগতি পাওয়া না গেলে পণ্য চালান খালাসের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম শুল্কায়ন সেকশন ৮(এ) তত্ত্বাবধানকারী জয়েন্ট কমিশনার/এডিশনাল কমিশনার নিয়মিত মনিটরিং করবেন এবং সাপ্তাহিক প্রতিবেদন নিয়মিতভাবে কমিশনারের নিকট দাখিল করবেন।

শুল্কায়ন পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এসআরও ১৪৮-আইন/২০১৬/১০/কাস্টমস, তারিখ:২/৬/২০১৬খ্রিঃ এ বর্ণিত ক্রমিক নং ১-৯ এর শর্তসমূহ প্রতিপালন নিশ্চিত করবেন।

৩। এই আদেশ জনস্বার্থে জারী করা হলো। এটি অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে।

৪। এই আদেশ জারীর সাথে সাথে অভিন্ন বিষয়ে ইতোপূর্বে জারীকৃত আদেশ (১৮৪, তারিখ:১২/৬/২০১৬) বাতিল বলে গণ্য হবে।

স্বাঃ/-

(হোসেন আহমদ)

কমিশনার অব কাস্টমস্
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-এস-২-১৩৯/বিবিধ/সেকশন-৮(এ)/১৫-১৬/১০৮০৬-কাস

তারিখ: ১৩/০৬/২০১৬

প্রচার পত্র নং - ৩৩/২০১৬